



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১৫ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ/ ৩১ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ

১৭.০০.০০০০.০৪৫.৩৮.০০১.১৮-১০৮।-“স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০” এর বিধি ৮৬ তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন ও বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ১৪ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ তারিখের-১০.০০.০০০০.১২৫.৯৯.০০৩.১৯.৩৫৫নং স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত বিধিমালায় বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপ-বিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার সম্পন্নের নিমিত্ত নিম্ন তফসিলের ৩নং কলামে বর্ণিত পৌরসভার নির্বাচন উপলক্ষে ৪নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ০৯(নয়) জন বিচার বিভাগীয় কর্মকর্তা-কে ভোটগ্রহণের পূর্বের দু’দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু’দিন অর্থাৎ ১৮ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ হতে ২২ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৫(পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করলঃ

“তফসিল”

ক্রম	জেলার নাম	পৌরসভার নাম	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪
১	পঞ্চগড়	দেবীগঞ্জ	জনাব এম. এম. মাহবুব ইসলাম, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, পঞ্চগড়
২	যশোর	নওয়াপাড়া	জনাব গৌতম মল্লিক, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, যশোর
৩	ফরিদপুর	ভাঙ্গা	জনাব মোঃ ফারুক হোসাইন, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ফরিদপুর
৪	কুমিল্লা	নাঙ্গালকোট	জনাব মোহাম্মদ শামছুর রহমান, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুমিল্লা
৫	ফেনী	সোনাগাজী	জনাব কামরুল হাসান, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ফেনী
৬	নোয়াখালী	কবিরহাট	জনাব মোঃ সোয়েব উদ্দীন খান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নোয়াখালী
৭	চট্টগ্রাম	বোয়ালখালী	জনাব শাহরিয়ার ইকবাল, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম
৮	কক্সবাজার	মহেশখালী	জনাব মুহাম্মদ আক্বাস উদ্দিন, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মহেশখালী, কক্সবাজার
৯		চকরিয়া	জনাব রাজীব কুমার দেব, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চকরিয়া, কক্সবাজার

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকলকে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোন নির্বাচনি অপরাধসমূহ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব(আইন) এর web mail address (ds\_law@ecs.gov.bd) এ নিয়োক্ত ছকে প্রেরণ করবেন।

“ছক”

জেলার নামঃ.....

পৌরসভার নামঃ.....

ক্রম	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহিত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-কে অনুরোধ করা হলো।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১(এক) জন বেঞ্চ সহকারী/ স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেক সহকারী/ স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

(আফরোজা শিউলী)

উপসচিব (আইন)

ফোন : ০২-৫৫০০৭৫৩৬

প্রাপক : উপ-পরিচালক  
বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজি প্রেস)  
তেজগাঁও, ঢাকা

অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করত: মুদ্রিত গেজেটের ৫০(পঞ্চাশ) কপি সরকারী কাজে ব্যবহারের নিমিত্ত নির্বাচন কমিশনে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

তারিখঃ ১৫ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ

১৭.০০.০০০০.০৪৫.৩৮.০০১.১৮-১০৮

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমসূত্রে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ২। সিনিয়র সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ(সংশ্লিষ্ট)/মহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা
- ৩। সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ(সংশ্লিষ্ট)
- ৪। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা
- ৫। জেলা ও দায়রা জজ,.....(সংশ্লিষ্ট)
- ৬। মহা-পরিচালক, বিজিবি/আনসার ও ডিডিপি/র‍্যাংক/কোষ্ট গার্ড, ঢাকা
- ৭। বিভাগীয় কমিশনার,.....(সংশ্লিষ্ট)
- ৮। যুগ্ম-সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ৯। উপ-মহাপুলিশ পরিদর্শক, .....(সংশ্লিষ্ট)
- ১০। জেলা প্রশাসক,..... (সংশ্লিষ্ট)
- ১১। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,.....(সংশ্লিষ্ট)
- ১২। পুলিশ সুপার,..... (সংশ্লিষ্ট)
- ১৩। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
- ১৪। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ১৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,..... (সংশ্লিষ্ট)
- ১৬। উপ-সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ১৭। রিটার্নিং অফিসার,.....(সংশ্লিষ্ট)
- ১৮। জনাব .....
- ১৯। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার,.....(সংশ্লিষ্ট)
- ২০। উপজেলা নির্বাহী অফিসার,.....(সংশ্লিষ্ট)
- ২১। সহকারী রিটার্নিং অফিসার,.....(সংশ্লিষ্ট)
- ২২। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,.....(সংশ্লিষ্ট)
- ২৩। সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (নি:ব্য:ও স:-১)/(বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২৪। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২৫। মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
- ২৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২৭। উপজেলা নির্বাচন অফিসার, .....(সংশ্লিষ্ট)
- ২৮। অফিসার ইনচার্জ,.....(সংশ্লিষ্ট)
- ২৯। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

(বিপ্লব দেব নাথ)

সিনিয়র সহকারী সচিব (আইন-১)

ফোন : ০২-৫৫০০৭৬০৭